ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২১৭৬

তেলিয়ামুড়া,৬ আগস্ট,২০২৫

# ৯ আগস্ট থেকে কল্যাণপুরে সহায়কমূল্যে ধান কেনা হবে

খাদ্য, জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা দপ্তর এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে আগামী ৯ আগস্ট থেকে ১৩ আগস্ট পর্যন্ত তেলিয়ামুড়া মহকুমার কল্যাণপুর ব্লকের অন্তর্গত দাউছড়া বাজার নাট মন্দিরে কৃষকদের কাছ থেকে ন্যায্য মূল্যে ধান কেনা হবে। এই কর্মসূচির আওতায় কল্যাণপুর কৃষি মহকুমা থেকে এ বছর ৫০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

পরবর্তী পর্যায়ে, ১৪ ও ১৫ আগস্ট তেলিয়ামুড়া কৃষি মহকুমার কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা হবে। এই ধান ক্রয়ের জন্য নির্ধারিত স্থান হলো তেলিয়ামুড়া এগ্রি প্রডিউস মার্কেট। তেলিয়ামুড়া কৃষি মহকুমা থেকে ১০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। সংশ্লিষ্ট কৃষকদের নির্ধারিত তারিখে প্রয়োজনীয় কাগজপত্র সহ নির্ধারিত স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে।

*****